দর্শনায় ১৩০ বোতল ফেন্সিডিলসহ এক মধ্য বয়সী নারী আটক

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৩০ বোতল ফেন্সিডিল সহ এক নারি মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় অতিরিক্ত পরিচালক মোঃ আবুল হোসেন এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের অফিসার ফোর্স সহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন বিভিন্ন এলাকায়।

অভিযান পরিচালনাকালে আটক করা হয় ফজলুর রহমানের স্ত্রী রহিমা বেগম
(৫৬) কে। আটককৃত রহিমার বসতঘর আনোয়ারপুর কেরুর টেডি কোয়াটার থেকে উদ্ধার করা হয় ফেন্সিডিল।

এ ঘটনায় আসামি মোছাঃ রহিমা বেগম (৫৬) কে গ্রেপ্তার ও তার ছেলে মোঃ সাগর হোসেন (২৬) কে পলাতক আসামি করে দর্শনা থানায় আসামিদের বিরুদ্ধে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে বলে জানিয়েছেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্য়লয়ের ইন্সপেক্টর আব্দুল্লা আল মামুন।

এ দিকে মুক্তিযোদ্ধা সন্তান সাগর সাংবাদিকদের লিখিতভাবে জানায় আমি একজন মুক্তিযোদ্ধা সন্তান। প্রতিবেশী বেশ কয়েকজন দীর্ঘদিন ধরে আমাকে ফাঁসানোর পাঁয়তারা করে আসছিল।

আমি বাড়িতে না থাকায় সুযোগে তারা এ ফেন্সিডিল আমার বাড়ি বাইরে পিছনের দিকে রেখে মাকে ও আমাকে ফাঁসিয়েছে। ঘটনার সঠিক তদন্ত করা হলে ষড়যন্ত্রকারীদের মুখোশ উন্মোচন হবে।

চুয়াডাঙ্গার রাঙ্গিয়ারপোতায় সরকারী খালের মাঠি বিক্রির অভিযোগ

চুয়াডাঙ্গার সদর উপজেলার দর্শনা থানার রাঙ্গিয়ারপোতা-সিংনগর সরকারি খালের ধারের মাটি ট্রাকটর পাউরট্রিলার ভরে বিক্রি করার অভিযোগ উঠেছে রফিকুল ইসলাম নামের এক ব্যক্তির বিরুদ্ধে।

ফলে সদ্য খননকৃত খালটি হুমকির মুখে বড়বে বলে এলাকাবাসি জানিয়েছে। সেই সাথে যে উদ্দেশ্যে সরকারি টাকা খরচ করে খাল খণন করা হয়েছে তা হবে ব্যাহত।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়াপোতা-সিংনগর গ্রামের পাশ দিয়ে বয়ে গেছে দোহার খাল। গত অর্থবছরে ৩৯ লক্ষ টাকায় ২ কি.মি. এ খালটি খনন করে চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ড।

কিছুদিন যেতে না যেতেই আবু ওয়াছারের ছেলে রফিকুল ইসলাম রফিক প্রকাশ্যে ট্রাকক্টর ও পাউরট্রিলারে করে খালের ধারের নিচের মাটি বিক্রি করছে।

ফলে বর্ষা মোরসুমে যেমন অতিরিক্ত পানি ছড়িয়ে ছিটিয়ে গ্রামের মাঠ ব্লাবিত হবে তেমনি ধ্বসে পড়তে পারে খালের ধারের উপরি ভাগ। এদিকে সরকার বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে নদী ও খালের নব্যতা ফেরাতে খনন কাজ অব্যাহত রেখেছে।

যাতে করে পানি পূর্বের ন্যায় তার নিজের গতিপথ ধরে চলতে পারে। পাড়ের মাটি কেটে নেওয়ার ফলে তা হবে ব্যাহত। এব্যাপারে অভিযুক্ত রফিকুলের সাথে যোগাযোগ করা হলেও তা সম্ভব হয়নি।

বিষয়টির প্রতি চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ড এবং সদর উপজেলা নির্বাহী অফিসারের আশুহস্থক্ষেপ কামনা করেছে এলাকাবাসি।

গাংনীতে লাইসেন্স বিহীন তিনজন করাতকল মালিকদের অর্থদন্ড

লাইসেন্সবিহীন করাত কল পরিচালনার অভিযোগে গাংনীর তেরাইল, বামন্দী ও ছাতিয়ান বাজারে পৃথক তিনটি অভিযানে তিন জন করাত কল মালিককে ১৭ হাজার টাকা অর্থদন্ড করা হয়েছে।

সোমবার দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটদের সহায়তায় বনবিভাগ এ অভিযান পরিচালনা করেন।

গাংনী উপজেলার তেরাইল বাজারের আশরাফ আলীর ছেলে শরিফুল ইসলাম লাইসেন্সবিহীন করাতকল পরিচালনার অপরাধে ৭ হাজার টাকা অর্থদন্ড করেন সহকারী কমিশনার ও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান।

একই অভিযোগে বামন্দী বাজারের আব্দুল খালেকের ছেলে সেলিম হোসেনকে একই আইনে ৫ হাজার টাকা অর্থদন্ড প্রদান করেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আহম্মেদ মুফাসের।

এছাড়া ছাতিয়ান গ্রামের লাল চাদের ছেলে আমিরুল ইসলামকে বিনা লাইসেন্সে করাতকল পরিচালনার অভিযোগে ৫ হাজার টাকা অর্থদন্ড প্রদান করেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গোলাম রব্বানী।

এসময় মেহেরপুর বনবিভাগের ভারপ্রাপ্ত বন কর্মকর্তা জাফর উল্লাহ ও পুলিশের একটি টীম সাথে ছিলেন।

মেহেরপুর বনবিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা জাফর উল্লাহ জানান, এসব ব্যাক্তিদ্বিয় বিনা লাইসেন্সে করাতকল পরিচালনা করে আসছিলেন। খবর পেয়ে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটদের মাধ্যমে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়। অভিযুক্ত এই তিন করাতকল মালিককে এক সপ্তাহের মধ্যে লাইসেন্সে নেওয়ারও নির্দেশ দেওয়া হয়।

[redacted]

[redacted]

[redacted]

[

কানাইডাঙ্গায় ২য় শ্রেনীর ছাত্র ইয়ামিন হত্যার প্রধান আসামী জাহিদ আটক

দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামের ১০ টাকার জন্য এক ২য় শ্রেণীর ছাত্রকে গলা কেটে হত্যা করার প্রধান আসামী জাহিদ হাসান ওরফে আবু জায়েদ (১৬) কে গ্রেফতার করেছে পুলিশ।

সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে দামুড়হুদা মডেল থানা পুলিশ উপজেলার সীমান্তবর্তী চন্দ্রবাস গ্রামের একটি আমবাগান থেকে তাকে গ্রেফতার করে। এ সময় হত্যায় ব্যাবহৃত ধারালো হাসুয়া উদ্ধার করা হয়। সোমবার দুপুরে তাকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

উল্লেখ, শনিবার দুপুরে দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামের বৃত্তিপাড়ার একটি আম বাগানে বন্ধুরা মিলে খেলা করছিলো ইয়ামিন ও তার বড় ভাই ইমন, জাহিদ হাসান ওরফে আবু জায়েদ সহ বেশ কয়েক জন। এ

সময় জাহিদ ৩০টা দিয়ে মুড়ি কেনার জন্য ইয়ামিনকে দোকানে পাঠায়। মুড়ি কিনার পর অবশিষ্ঠ থাকা ১০ টাকা খরচ করে ফেলে ইয়ামিন। পরে জাহিদ বাকী টাকা চাইলে ইয়ামিন দিতে না পারায় তাকে দড়ি দিয়ে গাছের সাথে বেধে মারধর করে।

এসময় ইয়ামিনের বড় ভাই ইমন পালিয়ে এসে ঘটনা বাড়িতে জানালে পরিবারের লোকজন দ্রুত ঘটনাস্থলে গিয়ে বাড়ির পাশে আম বাগানে ইয়ামিনের গলা কেটে জবাই করা মরদেহ পড়ে থাকতে দেখে।

পরে পুলিশে খবর দিলে দ্রুত ঘটনাস্থলে আসেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ পরিদর্শন করে শনিবার সন্ধ্যায় তার লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদরহাসপাতালে মর্গে প্রেরণ করে।

সোমবার দুপুর ১২ টায় দামুড়হুদা মডেল থানায় ইয়মিন হোসেনের মা

রিনা খাতুন বাদী হয়ে জাহিদ হাসান সহ ৬ জনের নামে একটি হত্যা মামলা দায়ের করে ।

সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে দামুড়হুদা মডেল থানা পুলিশ উপজেলার সীমান্তবর্তী চন্দ্রবাস গ্রামের একটি আমবাগান থেকে তাকে গ্রেফতার করেছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, জাদিহকে গ্রেফতার করে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে। বাকি আসামীদের ধরতে অভিযান অব্যাহত আছে।

আলমডাঙ্গার রুইথনপুর পানিতে ডুবে শিশুর মৃত্যু

আলমডাঙ্গার রুইথনপুরে পানিতে ডুবে খাদিজা খাতুন (২) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

সোমবার সকাল ১০ টার দিকে নিজ বাড়ির টিউবওয়েলের গর্তে পড়ে শিশুটির মর্মান্তিক হয়। শিশু খাদিজা খাতুন রুইথনপুর গ্রামের বাবলু হোসেনের মেয়ে। খবর পেয়ে আলমডাঙ্গা থানাপুলিশ উপস্থিত হয়ে শিশু খাদিজার সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের রুইথনপুর গ্রামের বাবুল হোসেনের শিশু কণ্যা খাদিজা খাতুন। সোমবার সকালে শিশু খাদিজার মা আঙ্গুরা খাতুন ও পরিবারের লোকজন উঠানে কাজ করছিলো। শিশু খাদিজা খেলার ফাঁকে বাড়ির সন্নিকটে টিউবওয়েলের গর্তে পড়ে যায়।

পরে, পরিবারের লোকজন শিশু খাদিজাকে না পেয়ে খুঁজতে থাকে। খুঁজতে গিয়ে টিউবওয়েলের গর্তে শিশুর লাশ ভাসতে দেখে। শিশুকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করে।

শিশু কণ্যার মৃত্যুর ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশ উপস্থিত হয়ে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে। দুপুরে শিশুর চাচা জুয়েল রানা

আলমডাঙ্গা থানায় উপস্থিত হয়ে অপমৃত্যুর মামলা দায়ের করেন।

ফুলের পর্যাপ্ততা থাকলেও, নেই ক্রেতার ভিড়! লোকসানের আশঙ্কায় ব্যবসায়ীরা

আজ ১৪ ফেব্রুয়ারী ভ্যালেন্টাইন ডে। এই দিনটি বিশ্ব ভালোবাসা দিবস হিসেবেও পরিচিতি পেয়েছে। দিনটিকে ঘিরে যুবক-যুবতীরাসহ বিভিন্ন বয়সের মানুষ শাড়ি ও বিভিন্ন পোশাকে নতুন সাজে সেজে একটু কোথাও ঘুরতে যাওয়া, বন্ধুরা এক সাথে কয়েকজন মিলে আরেক বন্ধুর বাড়িতে বেড়াতে গিয়ে অলস সময় পার করে দেয়।

একে অপরকে ফুল ও চকলেট উপহার দিয়ে ভালোবাসা জানাতে ব্যস্ত সময় পার করে তারা। তাছাড়া এই দিনটিতেই বসন্তের প্রথম দিন অর্থাৎ পহেলা ফাল্গুন হওয়ায় আলাদা মাত্রা যোগ হয়েছে।

মেহেরপুর জেলার বিভিন্ন ফুলের দোকান ঘুরে দেখা গেছে, পূর্বের তুলনায় এবছর ফুল বিক্রি খুবই কম। বড় লোকসানের আশঙ্কায় পড়েছেন ব্যবসায়ীরা। এর কারণ হিসেবে করোনা ভাইরাস ও অমিক্রণের প্রভাব ক্রমাগত বৃদ্ধির আশঙ্কা ও স্কুল কলেজ বন্ধকে দায়ী করেছেন তারা।

মেহেরপুর সরকারি ডিগ্রি কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের ছাত্র আবু হানিফ জানান, করোনা ভাইরাস ও অমিক্রণের সংক্রমণ এড়াতে সরকারি নির্দেশনায় স্কুল- কলেজ বন্ধ রয়েছে ফলে বন্ধু বান্ধবীদের উপস্থিতি না থাকার কারণে এবছর ফুল কেনা হয়নি। একই কথা জানিয়েছেন গাংনী সরকারী ডিগ্রি কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র তানভীর রহমান।

১৪ ফেব্রুয়ারী মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী উপজেলা শহরসহ আশপাশের ফুল ব্যবসায়ীরা ফুল বিক্রির আশায় কাক ডাকা ভোর থেকে হাকডাক শুরু করেন। তবে ক্রেতা সকলের উপস্থিতি ছিল একেবারেই কম। ব্যবসায়ীরা সকলেই আশঙ্কা করছেন বড় অংকের টাকা লোকসানের।

মেহেরপুর জেলা শহরের স্বর্ণালী গিফট কর্ণার এন্ড ফুল হাউস এর

এ নিয়ে প্রশ্ন রয়েছে অনেকের। প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে জানা যায়, ভালোবাসার জন্য এই দিনে মানুষের জীবন ত্যাগের ইতিহাস।

এর মধ্যে সবচেয়ে প্রচলিত ইতিহাসটি হচ্ছে রোমের ধর্মযাজক সেন্ট ভ্যালেন্টাইনের। তিনি ছিলেন মানবপ্রেমিক ও খ্রিস্টধর্ম প্রচারক। আর রোম সম্রাট দ্বিতীয় ক্লডিয়াস ছিলেন বিভিন্ন দেব-দেবীর পূজায় বিশ্বাসী।

সম্রাটের পক্ষ থেকে তাকে দেব-দেবীর পূজা করতে বলা হলে ভ্যালেন্টাইন তা অস্বীকার করায় তাকে কারারুদ্ধ করা হয়। সম্রাটের বারবার খ্রিস্টধর্ম ত্যাগের আজ্ঞা প্রত্যাখ্যান করলে ২৬৯ খ্রিস্টাব্দের ১৪ ফেব্রুয়ারি রাষ্ট্রীয় আদেশ লঙ্ঘনের দায়ে ভ্যালেন্টাইনকে কারারুদ্ধ করা হয়।

সেন্ট ভ্যালেন্টাইন কারারুদ্ধ হওয়ার পর যুবক-যুবতীদের অনেকেই প্রতিদিন তাকে কারাগারে দেখতে আসত এবং ফুল উপহার দিত। তারা বিভিন্ন উদ্দীপনামূলক কথা বলে সেন্ট ভ্যালেন্টাইনকে উদ্দীপ্ত রাখত। এক কারারক্ষীর এক অন্ধ মেয়েও ভ্যালেন্টাইনকে দেখতে যেত। অনেকক্ষণ ধরে তারা দুজন প্রাণ খুলে কথা বলত।

একসময় ভ্যালেন্টাইন তার প্রেমে পড়ে যায়। সেন্ট ভ্যালেন্টাইনের আধ্যাত্মিক চিকিৎসায় অন্ধ মেয়েটি দৃষ্টিশক্তি ফিরে পায়। ভ্যালেন্টাইনের ভালোবাসা ও তার প্রতি দেশের যুবক-যুবতীদের ভালোবাসার কথা সম্রাটের কানে গেলে তিনি ক্ষিপ্ত হয়ে ২৭০ খ্রিস্টাব্দের ১৪ ফেব্রুয়ারি তাকে মৃত্যুদণ্ড দেন। সেই থেকেই দিনটির শুরু। ওই দিনের শোক গাঁথায় আজকের এই ‘ভ্যালেন্টাইন ডে’।

মূলত সেন্ট ভ্যালেন্টাইনের স্মরণে এই দিবসটি পালনের সিদ্ধান্ত নেয়া হয়েছিল। এরপর থেকে সেন্ট ভ্যালেন্টাইনের নামটি ধীরে ধীরে মানুষের কাছে পরিচিত হয়ে উঠতে শুরু করে।

এই দিনে একজন মানুষ আরেকজনের প্রতি তার ভালবাসা প্রকাশ করতে ভালোবাসার বার্তাসহ কার্ড, ফুল বা চকলেট পাঠিয়ে থাকে। এ আয়োজনের বড় একটা অংশ হচ্ছে শাড়ির সঙ্গে মিলিয়ে গোলাপসহ অন্যান্য ফুল কেনা।

ঝিনাইদহে ধর্ষণ মামলা টাকার বিনিমিয়ে মিমাংসা

ঝিনাইদহ সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পানামী গ্রামে ধর্ষণ চেষ্টার শিকার হয় ৭ম শ্রেণির এক ছাত্রী।

ডাক্তারী পরীক্ষা শেষে গত রবিবার দুপুরে ভিকটিমের বাবা বাদি হয়ে ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন সংশোধনী ২০০৩ এর ৯ (১) ধারায় মামলা করে।

সোমবার বেশ কয়েকটি জাতীয় ও স্থানীয় পত্রিকায় এই বিষয়ে সংবাদ প্রকাশিত হয়। এই ঘটনায় ধর্ষক মতিয়ার বিশ্বাসকে রবিবার রাতে গ্রেফতার করে পুলিশ। মতিয়ার বিশ্বাস পানামী গ্রামের জিন্দার বিশ্বাসের ছেলে।

এদিকে জানাগেছে, রবিবার বিকালে মতিয়ার বিশ্বাসের ভাই গ্রামের সামাজিক মাতব্বর মজিদ বিশ্বাস ও ভুক্তভোগীর চাচা শফিউল্লাহ ২ লাখ ২০ হাজার টাকার বিনিময়ে মামলা মিটিয়ে ফেলার জন্য বাদিকে সামাজিকভাবে চাপ প্রয়োগ করছে।

একই গ্রামের আবেদ আলী নামের একজন জানান, রবিবার বিকালে মজিদ বিশ্বাস ও শফিউল্লাহ বসে ২ লাখ ২০ হাজার টাকার বিনিময়ে মামলা তুলে নেওয়ার জন্য মিমাংসা করেছে।

এই বিষয়ে ভুক্তভোগীর মা শিরিনা খাতুন বলেন, আমাদের মধ্যে আর কোন ঝামেলা নেই, সব মিটে গেছে।

এই বিষয়ে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ সোহেল রানা জানান, এই ঘটনায় মামলা হয়েছে। আসামিকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে। বিজ্ঞ আদালতে এর বিচার হবে।

গাংনীর উত্তর ভরাট গ্রামে আগুন পোহাতে গিয়ে গৃহবধু দগ্ধ

আগুন পোহাতে গিয়ে শাহিদা খাতুন (৬০) নামের এক বৃদ্ধা দগ্ধ হয়ে গাংনী উপজেলা হাসপাতালে ভর্তি হয়েছেন।

শাহিদা খাতুন গাংনী উপজেলার উত্তরভরাট গ্রামের মধ্যপাড়া এলাকার কৃষক জিবরাইল হোসেনের স্ত্রী।

আজ সোমবার (১৪ ফেব্রুয়ারী) সকালের দিকে তা চাচাত জা’র জালানো ধান সিদ্ধ করা চুলার পাশে আগুন পোহাতে গিয়ে শাড়ীতে আগুন লেগে দগ্ধ হন তিনি।

শাহিদা খাতুন বলেন, সকালের দিকে আমার চাচাত জা হাশেয়ারা খাতুন ধান সিদ্ধ করছিলেন। আমি তার চুলার পাশে বসে হাতটা একটু গরম করছিলাম। হঠাৎ আগুন আমার শাড়ীর আঁচলে লেগে শরীরে দগ্ধ হয়। পরিবারের লোকজন হাসপাতালে নিয়ে আসেন।

গাংনী হাসপাতালের জরুরী বিভাগের কর্মরত চিকিৎসক বোধা দীপ্ত দাশ পিকলু জানান, ওই নারীর পেটের অংশ পুড়ে গেছে। তাকে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে সে এখন আশংকামুক্ত।

মেহেরপুরের চাঁদবিলে আলগামন ও মোটর সাইকেলের সংঘর্ষে আহত-২

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল ব্র্যাক অফিসের সামনে পাকা রাস্তার উপর আলগামন ও মোটর সাইকেলের সংঘর্ষে আহত ২ হয়েছে।
সোমবার সকাল ১১ টার সময় এ দুর্ঘটনা ঘটে। আহত ব্যাক্তিরা হলেন, সদর উপজেলার কামদেবপুর মোঃ বরকত আলী ছেলে মোঃ ডাবলু (৪০), মেহেরপুর ঘোষপাড়ার মো ইউসুফ এর ছেলে মোঃ নাহিদ (২০)

জানা গেছে, ডাবলু আলগামনে করে মেহেরপুর থেকে সিমেন্ট নিয়ে যাওয়ার